# 20 মে 2026 কারেন্ট অ্যাফেয়ার্স: পিএম মোদীর নরওয়ে সম্মান | এশিয়ান ওয়েটলিফটিং

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য দৈনিক খবরের আপডেট রাখা অত্যন্ত জরুরি। রাজ্য ও জাতীয় স্তরের বিভিন্ন পরীক্ষার কথা মাথায় রেখে আজ ২০ মে ২০২৬-এর গুরুত্বপূর্ণ ঘটনাবলী নিচে তুলে ধরা হলো। আশা করি, এই কারেন্ট অ্যাফেয়ার্স সেশনটি আপনাদের সাধারণ জ্ঞানের ভাণ্ডার আরও সমৃদ্ধ করবে।

## আন্তর্জাতিক সম্পর্ক ও সম্মান

### 01 প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেলেন নরওয়ের সর্বোচ্চ সম্মান

নরওয়ে সফরের সময় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সে দেশের সর্বোচ্চ সম্মান "গ্র্যান্ড ক্রস অফ দ্য রয়্যাল নরওয়েজিয়ান অর্ডার অফ মেরিট" প্রদান করা হয়েছে। দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য নরওয়ে সরকার তাঁকে এই স্বীকৃতি দিল। সব মিলিয়ে মে ২০২৬ পর্যন্ত প্রধানমন্ত্রী মোদীর প্রাপ্ত আন্তর্জাতিক পুরস্কারের সংখ্যা দাঁড়িয়েছে ৩২টিতে। প্রসঙ্গত, সম্প্রতি সুইডেনও তাঁকে তাদের সর্বোচ্চ সম্মান 'রয়্যাল অর্ডার অফ দ্য পোলার স্টার' প্রদান করেছে।

#### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **নরওয়ের রাজধানী:** ওসলো এবং এর প্রচলিত মুদ্রা নরওয়েজিয়ান ক্রোন।
- **নরওয়ের নেতৃত্ব:** রাজা হারাল্ড V এবং বর্তমান প্রধানমন্ত্রী জোনাস গহর স্টোরে।

### 02 G20 বিদেশমন্ত্রীদের বৈঠক ২০২৬

চলতি বছর G20-র সভাপতিত্ব করছে মার্কিন যুক্তরাষ্ট্র। এই সভাপতিত্বের অধীনেই আগামী ৩০-৩১ অক্টোবর ২০২৬ তারিখে আমেরিকার আটলান্টায় বসছে G20 বিদেশমন্ত্রীদের বৈঠক। এছাড়া আগামী ডিসেম্বর মাসে মায়ামিতে আয়োজিত হতে চলেছে ২১তম বার্ষিক G20 শীর্ষ সম্মেলন।

#### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **G20 প্রতিষ্ঠা:** এই গোষ্ঠীটি ১৯৯৯ সালের ২৬ সেপ্টেম্বর যাত্রা শুরু করে।
- **সদস্য তালিকা:** বর্তমানে ১৯টি দেশ, ইউরোপীয় ইউনিয়ন এবং আফ্রিকান ইউনিয়ন (২০২৩ সালে যুক্ত হয়েছে) নিয়ে এই জোট গঠিত।

# জাতীয় ও রাজ্য স্তরের খবর

## 03 দেশে প্রথম এআই-চালিত হিউম্যান-এলিফ্যান্ট কনফ্লিক্ট রিসার্চ সেন্টার

ঝাড়খণ্ডের পলামু টাইগার রিজার্ভে তৈরি হচ্ছে দেশের প্রথম এআই (AI) চালিত হিউম্যান-এলিফ্যান্ট কনফ্লিক্ট রিসার্চ সেন্টার। কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং প্রযুক্তির সাহায্যে হাতিদের আচরণ ও আওয়াজ ডিকোড করে মানুষ ও হাতির মধ্যকার সংঘাত কমানোই এই কেন্দ্রের লক্ষ্য। লোকালয়ে হাতি ঢুকে পড়লে সেন্সরের মাধ্যমে গ্রামবাসীরা রিয়েল-টাইম অ্যালার্ট পাবেন।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **পলামু টাইগার রিজার্ভ:** এটি ঝাড়খণ্ডের একমাত্র ব্যাঘ্র সংরক্ষণ প্রকল্প। ১৯৭৩-৭৪ সালে প্রোজেক্ট টাইগারের প্রথম ৯টি বনের একটি হিসেবে এটি নির্বাচিত হয়েছিল।
- **ঐতিহাসিক গুরুত্ব:** এই রিজার্ভেই প্রথমবার ক্যামেরার বদলে পায়ের ছাপ বা পগমাকের ভিত্তিতে বাঘ ও হাতির শুমারি করা হয়েছিল।

## 04 নাগাল্যান্ডের 'কফিস অফ নাগাল্যান্ড মিশন'

রাজ্যে কফি চাষ ও এর ব্যবসার প্রসারে ১৭৫ কোটি টাকার বাজেট বরাদ্দ করেছে নাগাল্যান্ড সরকার। কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং মুখ্যমন্ত্রী নেফিউ রিও যৌথভাবে এই মিশনের উদ্বোধন করেন। কোহিমাতে 'অ্যারাবিকা' এবং নিউল্যান্ডে 'রোবাস্টা' কফির ক্লাস্টার তৈরির মাধ্যমে মূলত জুম চাষের ওপর নির্ভরতা কমানোর পরিকল্পনা নেওয়া হয়েছে।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **নাগাল্যান্ডের তথ্য:** রাজধানী কোহিমা এবং বর্তমান রাজ্যপাল লা গনেশন।
- **প্রধান উৎসব:** প্রতি বছরের ডিসেম্বরের প্রথম সপ্তাহে নাগাল্যান্ডের বিখ্যাত 'হর্নবিল ফেস্টিভ্যাল' উদযাপিত হয়।

## 05 UIDAI-এর নতুন সিইও সৌরভ বিজয়

ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া বা UIDAI-এর নতুন সিইও হিসেবে দায়িত্ব নিলেন মহারাষ্ট্র ক্যাডারের ১৯৯৮ ব্যাচের আইএএস অফিসার সৌরভ বিজয়। তিনি ভুবনেশ কুমারের স্থলাভিষিক্ত হলেন, যিনি এখন পর্যটন মন্ত্রকের সচিব হিসেবে কাজ করবেন।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **UIDAI প্রতিষ্ঠা:** ২০০৯ সালের ২৮ জানুয়ারি এটি গঠিত হয়। পরে আধার আইনের অধীনে এটি সংবিধিবদ্ধ সংস্থার মর্যাদা পায়।
- **সদর দপ্তর:** নতুন দিল্লি। বর্তমান চেয়ারম্যান নীলকণ্ঠ মিশ্র।

## 06 এনএইচএআই (NHAI)-এর 'প্রজেক্ট সক্ষম'

জাতীয় সড়কের আশেপাশের গ্রামীণ এলাকার নারীদের এবং বেকার যুবকদের স্বনির্ভর করতে বেসরকারি সংস্থা 'ভার্টিস ফাউন্ডেশন'-এর সাথে হাত মিলিয়েছে এনএইচএআই। এই 'প্রজেক্ট সক্ষম'-এর অধীনে ইতিমধ্যেই দেশজুড়ে ১২টি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **NHAI প্রতিষ্ঠা:** ১৯৮৮ সালের আইনের অধীনে ১৯৯৫ সালে এনএইচএআই কাজ শুরু করে।
- **সড়ক মন্ত্রক:** কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়ি এবং চেয়ারম্যান সন্তোষ কুমার যাদব।

# ডিফেন্স ও ক্রীড়া জগৎ

## 07 স্কোয়াড্রন লিডার সানিয়ার অনন্য রেকর্ড

ভারতীয় বিমানবাহিনীর স্কোয়াড্রন লিডার সানিয়া দেশের প্রথম মহিলা হিসেবে 'ক্যাটাগরি A' কোয়ালিফাইড ফ্লাইং ইনস্ট্রাক্টর গ্রেডিং পেলেন। চেন্নাইয়ের ফ্লাইং ইনস্ট্রাক্টরস স্কুল থেকে এই স্বীকৃতি এল তাঁর ঝুলিতে। তিনি মূলত 'পিলাটাস পিসি-৭ এমকে-II' ট্রেনার এয়ারক্রাফটের অভিজ্ঞ পাইলট।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **ভারতীয় বিমানবাহিনী:** ১৯৩২ সালের ৮ অক্টোবর প্রতিষ্ঠিত হয়। বর্তমান এয়ার চিফ মার্শাল অমর প্রীত সিং।
- **পিলাটাস এয়ারক্রাফট:** এটি সুইজারল্যান্ডের তৈরি একটি প্রশিক্ষণ বিমান।

## 08 এশিয়ান ওয়েটলিফটিং চ্যাম্পিয়নশিপ ২০২৬

গান্ধীনগরের মহাত্মা মন্দির কনভেনশন সেন্টারে আয়োজিত এই প্রতিযোগিতায় ২৯টি দেশের ১৭০ জনের বেশি অ্যাথলিট অংশ নেন। ৪১টি পদক নিয়ে চীন শীর্ষে এবং ৩০টি পদক নিয়ে উত্তর কোরিয়া দ্বিতীয় স্থানে রয়েছে। ভারত ১০টি পদক (১টি রৌপ্য ও ৯টি ব্রোঞ্জ) পেয়ে ১১তম স্থানে। একমাত্র রৌপ্য পদকটি জিতেছেন জ্ঞানেশ্বরী যাদব (৫৩ কেজি বিভাগ)।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **মহাত্মা মন্দির:** এটি গুজরাটের গান্ধীনগরের একটি আধুনিক কনভেনশন সেন্টার।
- **ফেডারেশন:** এশিয়ান ওয়েটলিফটিং ফেডারেশনের সদর দপ্তর কাতারের দোহায়।

## 09 কামি রিতা শেরপার নতুন এভারেস্ট রেকর্ড

৩২তম বারের মতো মাউন্ট এভারেস্ট জয় করে নিজেরই গড়া বিশ্ব রেকর্ড ভাঙলেন 'এভারেস্ট ম্যান' কামি রিতা শেরপা। অন্যদিকে, মহিলাদের মধ্যে ১১ বার এভারেস্ট জয়ের রেকর্ড রয়েছে লাখপা শেরপার নামে।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **নামকরণ:** নেপালে এভারেস্টের নাম 'সাগরমাথা' এবং তিব্বতে 'চোমোলুংমা'।
- **প্রথম আরোহণ:** ১৯৫৩ সালের ২৯ মে এডমন্ড হিলারি ও তেনজিং নর্গে প্রথম শৃঙ্গটি জয় করেছিলেন।

# গুরুত্বপূর্ণ দিবস

## 10 জাতীয় সন্ত্রাসবিরোধী দিবস (২১ মে)

প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকী স্মরণে প্রতি বছর ২১ মে দিনটি সন্ত্রাসবিরোধী দিবস হিসেবে পালিত হয়। ১৯৯১ সালের এই দিনে তামিলনাড়ুর শ্রীপেরামবুদুরে এলটিটিই জঙ্গিদের হামলায় তিনি প্রাণ হারান। ২০২৬ সালের থিম: 'Oppose Terrorism, Promote Peace, Harmony and National Unity'।

### সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- **রাজীব গান্ধী:** ভারতের ষষ্ঠ এবং সবচেয়ে কম বয়সী প্রধানমন্ত্রী।
- **মে মাসের অন্যান্য দিন:** ৩ মে বিশ্ব প্রেস স্বাধীনতা দিবস, ১২ মে আন্তর্জাতিক উদ্ভিদ স্বাস্থ্য দিবস, ১৫ মে আন্তর্জাতিক পরিবার দিবস, ১৮ মে আন্তর্জাতিক মিউজিয়াম দিবস এবং ২০ মে বিশ্ব মৌমাছি দিবস।

# পূর্ববর্তী দিনের খবরের রিভিশন

- **অনাই মঙ্গলম তাম্রপত্র:** চোল রাজবংশের তাম্রপত্র ভারতকে ফেরত দিল নেদারল্যান্ডসের লাইডেন বিশ্ববিদ্যালয়।

- **কল্পসার প্রকল্প:** মিষ্টি জলের জলাধার তৈরির লক্ষ্যে ভারত ও নেদারল্যান্ডসের চুক্তি।
- **কেরালার নতুন মুখ্যমন্ত্রী:** ভি. ডি. সতীশন কেরালার ১৩তম মুখ্যমন্ত্রী।
- **এআই ব্যাংকিং:** গুয়াহাটিতে চালু হলো দেশের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত ব্যাংকিং শাখা।
- **বিশ্ব স্বাস্থ্য সভা:** সুইজারল্যান্ডের জেনেভায় ৭৯তম সম্মেলন চলছে।
- **ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলন:** ওসলোতে তৃতীয় সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।
- **আইটি নিরাপত্তা:** পরবর্তী ২ বছরের জন্য কমন ক্রাইটেরিয়া ডেভেলপমেন্ট বোর্ডের সভাপতিত্ব পেল ভারত।
- **নিরাপত্তা পোর্টাল:** কর্ণাটক চালু করলো এনএসকিউ ওষুধ ট্র্যাকিং এবং এনডিপিএস মনিটরিং পোর্টাল।

---

 Take the Interactive Quiz

pesha.in